

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি


(শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২২ ও মহান বিজয় দিবস ২০২২ উদযাপন)

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৪ ডিসেম্বর ২০২২ইং রোজ বুধবার “শহীদ বুদ্ধিজীবী দিবস” পালন এবং ১৬ ডিসেম্বর ২০২২ইং রোজ শুক্রবার “মহান বিজয় দিবস” উদযাপন উপলক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

তারিখ	সময়	অনুষ্ঠানসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
শহীদ বুদ্ধিজীবী দিবস ১৪/১২/২০২২ইং বুধবার	সূর্যোদয়ের সাথে সাথে	শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন এবং আবাসিক হলসমূহে জাতীয় পতাকা উত্তোলন (জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে) এবং কালো পতাকা উত্তোলন।	নিরাপত্তা শাখা ও হল কর্তৃপক্ষ
	১০:৩০ মিঃ	শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে শোক-র্যালি। অংশগ্রহণ করবেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ। স্থানঃ প্রশাসনিক ভবনের সম্মুখ হতে।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	১১:০০ থেকে ১৩:০০ মিঃ	শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা। অংশগ্রহণ করবেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ। স্থানঃ অডিটোরিয়াম।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	বাদ আসর	বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান।	মসজিদ কমিটি
	১৮:০০ মিঃ	আলোর মিছিল অংশগ্রহণ করবেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	১৮:৩০ মিঃ	শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে নাটক। স্থানঃ অডিটোরিয়াম।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
মহান বিজয় দিবস ১৬ ডিসেম্বর ২০২২ইং শুক্রবার	সূর্যোদয়ের সাথে সাথে	প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন এবং আবাসিক হলসমূহে জাতীয় পতাকা উত্তোলন।	নিরাপত্তা শাখা ও হল কর্তৃপক্ষ
	৯:০০ মিঃ থেকে ১০:০০ মিঃ	মহান বিজয় দিবসের উপর শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ (ওগুদাম্বা সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের জন্য প্রযোজ্য) স্থানঃ অডিটোরিয়াম।	জনসংযোগ ও তথ্য শাখা
	৯:৩০ মিঃ থেকে ১০:০০ মিঃ	গণসংগীত। স্থানঃ “দুর্বার বাংলা” এর চত্তর।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	সকাল ১০:০০ মিঃ	ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ডাক্তার “দুর্বার বাংলা” এর পাদদেশে শ্রদ্ধাঞ্জলি অর্পণ। (অংশগ্রহণে- বিশ্ববিদ্যালয়ের ছাত্র, সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ)	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	১৫:৩০ মিঃ	প্রীতি ফুটবল ম্যাচ (সম্মানিত শিক্ষক বনাম ছাত্র) স্থানঃ বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠ।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	বাদ আসর	বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান।	মসজিদ কমিটি
	১৮:০০ মিঃ	মহান বিজয় দিবস উপলক্ষে আলোচনা সভা ও দিবসের সাথে সঙ্গতিপূর্ণ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থানঃ অডিটোরিয়াম।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর

উপরোক্ত কর্মসূচিসমূহে সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র/ছাত্রীদেরকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,



১১/১২/২০২২
(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান জুগু)
রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-সুপ্রবি/ ২০২২/১০০

তারিখঃ ১১/১২/২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। প্রো-ভাইস চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয় (উপরোক্ত কর্মসূচি তাঁর অনুষদের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রচারের অনুরোধসহ)।
- ৩। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয় (উপরোক্ত কর্মসূচি তাঁর ইনস্টিটিউটের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রচারের অনুরোধসহ)।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয় (উপরোক্ত কর্মসূচি তাঁর বিভাগের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রচারের অনুরোধসহ)।
- ৫। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ৬। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয় (শিক্ষার্থীদের মধ্যে প্রচারের অনুরোধসহ)।
- ৮। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিখানি তাঁর শাখার সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ)।
- ৯। চেয়ারম্যান, যানবাহন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ১০। সভাপতি, মসজিদ কমিটি, অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ১১। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সহকারী পরিচালক, জনসংযোগ ও তথ্য শাখা, অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ১৩। নিরাপত্তা কর্মকর্তা, অত্র বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ১৪। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ১৫। সকল নোটিশ বোর্ড।
- ১৬। সংরক্ষণ নথি।


(মোঃ তারিক আল হক নজীব)
সেকশন অফিসার (শ্রেণি-২)